

ঢাকা ও সিটি কলেজ শিক্ষার্থীদের আবারও সংঘর্ষ, কারণ জানে না কেউ

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

রাজধানীর নিউমার্কেট এলাকায় ঢাকা কলেজ ও সিটি কলেজের

শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয়পক্ষের

কয়েকজন শিক্ষার্থী আহত হয়েছেন বলে জানা গেছে। বৃহস্পতিবার

(২১ আগস্ট) বেলা সাড়ে ১১টার দিকে এ সংঘর্ষ শুরু হয় বলে

প্রত্যক্ষদর্শীরা জানান। এ ঘটনার সময় নিউমার্কেট এলাকার

আশপাশে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

নিউমার্কেট থানার ওসি এ কে এম মাহফুজুল হক ঘটনার সত্যতা

নিশ্চিত করেছেন। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা

পরিস্থিতি শান্ত রাখতে এলাকায় টহল দিচ্ছেন।

তবে সংঘর্ষের প্রকৃত কারণ জানাতে পারেনি কেউ। স্থানীয়রা

জানান, হঠাতে করেই সংঘর্ষে জড়িয়ে পড়েন শিক্ষার্থীরা।

ওসি জানান, সংঘর্ষের কারণ সম্পর্কে নিশ্চিতভাবে কিছুই জানতে

পারেনি পুলিশ।

ওসি জানান, ঢাকা কলেজ এবং সিটি কলেজের শিক্ষার্থীদের মধ্যে

সংঘর্ষের খবর পেয়ে সঙ্গে সঙ্গে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি

নিয়ন্ত্রণে আনে।

তিনি বলেন, “বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং সংঘর্ষের

কারণ খতিয়ে দেখা হচ্ছে।”